

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ভবন
১১২, সার্কিট হাউজ রোড, রমনা ঢাকা।
www.masscommunication.gov.bd

নং ১৫.৫৬.২৬৬৬.০০২.১৬.৯৫.১৫-(পার্ট-১) / ৩৬৮৫

তারিখ : ২০.১১.২০১৯


বিষয় : তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সংবলিত নভেম্বর-২০১৯ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রেরণ।

গণযোগাযোগ অধিদপ্তর ৬৪ জেলা তথ্য অফিস এবং পার্বত্য এলাকায় উপজেলা পর্যায়ে ৪ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে পাক্ষিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ (ব্র্যাডিং শেখ হাসিনা) বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশ, মুক্তিযুদ্ধের চেতনায় দেশাত্মবোধক সংগীতানুষ্ঠান এবং বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী অভিযান, তথ্য অধিকার আইন এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকান্ডের উপর উদ্বুদ্ধকরণ বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকান্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে নভেম্বর-২০১৯ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযোজনী : প্রতিবেদন এক প্রস্থ।



(মোঃ জাকির হোসেন)

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন : ৮৩০০৬৪০।

dgmasscommunication@yahoo.com

সচিব

তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণঃ

০১। উপসচিব (তগ-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমা), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা। (প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নভেম্বর-২০১৯ (১ম পক্ষ)

● জনমত শিরোনাম

- চলতি মৌসুমে আমন ধানের বাম্পার ফলনের আশাবাদ কৃষকের
- পিঁয়াজের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির পেছনে কারা জড়িত তা খুঁজে বের করার জোর দাবি জনসাধারণের
- বাজারে নিত্যপণ্যের মূল্য নিয়ন্ত্রণ করার ওপর গুরুত্বারোপ ভোক্তাসাধারণের । শীতকালীন সবজির সরবরাহ বাড়ছে
- আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক । সড়কে শৃঙ্খলা ফিরিয়ে আনতে গৃহীত পদক্ষেপ সর্বমহলে প্রশংসিত

চলমান পাতা - ২

Shub

☐ চলতি মৌসুমে আমন ধানের বাম্পার ফলনের আশাবাদ কৃষকের

- আবহাওয়া অনুকূল থাকায় চলতি মৌসুমে দেশের বিভিন্ন স্থানে আমন ধানের ভালো ফলন হয়েছে বলে জানা গেছে। ইতোমধ্যে কোথাও কোথাও ধানকাটা শুরু হয়ে গেছে বলে জনমতে প্রকাশ। যথাসময়ে কৃষকদের দোরগোড়ায় প্রয়োজনীয় সার, কীটনাশক ও অন্যান্য কৃষি উপকরণ সরবরাহ করায় আমন ধানের বাম্পার ফলনের প্রত্যাশা ব্যক্ত করেছে দেশের কৃষকসমাজ।

☐ পিঁয়াজের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির পেছনে কারা জড়িত তা খুঁজে বের করার জোর দাবি জনসাধারণের।

- পিঁয়াজের অস্বাভাবিক মূল্যবৃদ্ধিতে দেশ জুড়ে ক্রেতাদের ভোগান্তির শিকার হতে হচ্ছে। পরের দিন দাম কমবে, না স্থির থাকবে, না বাড়বে এসব অনিশ্চয়তা দেখা দিয়েছে। ব্যবসায়ীরা বলছেন, ঘটতির কারণে এই দাম বাড়ছে। অপরদিকে এই নিত্যপণ্যের দাম কারসাজির বিরুদ্ধে বিভিন্ন স্থানে মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। অস্বাভাবিক মূল্যবৃদ্ধির পেছনে কারা জড়িত তা খতিয়ে দেখার দাবি জানিয়েছে সাধারণ জনগণ।

- পিঁয়াজের মূল্যবৃদ্ধির এই সমস্যা যাতে না থাকে সে লক্ষ্যে কার্গো বিমান ভাড়া করে পিঁয়াজ আমদানির সিদ্ধান্ত নিয়েছে সরকার। পিঁয়াজের দাম নিয়ন্ত্রণে রাখতে সরকারের কার্যকর পদক্ষেপ গ্রহণের ওপর গুরুত্বারোপ করেছে ভোক্তাসাধারণ।

☐ বাজারে নিত্যপণ্যের মূল্য নিয়ন্ত্রণ করার ওপর গুরুত্বারোপ ভোক্তাসাধারণের। শীতকালীন সবজির সরবরাহ বাড়ছে।

- বাজারে চাল, ভোজ্যতেলসহ কয়েকটি পণ্যের উর্ধ্বগতি পরিলক্ষিত হচ্ছে বলে জনমতে প্রকাশ। একইসঙ্গে, খুচরা বাজারে মাছ, মাংস, মুরগি, আলুসহ নিত্যপণ্যের দাম নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের জোরালো পদক্ষেপ গ্রহণের ওপর গুরুত্বারোপ করেছে ভোক্তাসাধারণ।

shuch

• এছাড়া, বাজারে শীতকালীন বিভিন্ন সবজির সরবরাহ বাড়লেও দাম একটু বেশি বলে জনমতে জানা গেছে। সীমিত আয়ের মানুষের দৈনন্দিন সবজির চাহিদা পূরণে বাজারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজরদারি প্রত্যাশা করেছে ভোক্তাসাধারণ।

☐ আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। সড়কে শৃঙ্খলা ফিরিয়ে আনতে গৃহীত পদক্ষেপ সর্বমহলে প্রশংসিত

• আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর জোরালো পদক্ষেপ গ্রহণের ফলে সারাদেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে বলে জনমত ও প্রতিক্রিয়ায় জানা গেছে। বিভিন্ন জেলায় মাদকের অপব্যবহার ও নাশকতা প্রতিরোধে জেলা প্রশাসন এবং বিভিন্ন শ্রেণী-পেশার মানুষসহ আইনশৃঙ্খলা রক্ষার দায়িত্বে নিয়োজিত বাহিনী তৎপর রয়েছে।

• এদিকে, সারাদেশে সড়কে শৃঙ্খলা ফিরিয়ে আনতে সরকারের নানামুখী উদ্যোগ কার্যকর ভূমিকা রাখবে বলে যাত্রীসাধারণ আশা প্রকাশ করেছে। বর্তমানে রাজধানীতে যাতায়াতের সময় ফুটওভার ব্রিজ, জেব্রা ক্রসিং ও ফুটপাথ ব্যবহারের জন্য আইনশৃঙ্খলা বাহিনীর চলমান কর্মসূচিতে জনসাধারণ ইতিবাচক সাড়া দিয়েছে বলে জনমতে জানা গেছে।

তৈয়ব/হাছিনা/শুকলা/রীনা/ প্রতিমা

Shukla
২৬/১১/২০১২

শুকলা বনিক
জ্যে ও ডকুমেন্টেশন অফিসার (অ.দা.)
গণমোপাযোগ অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার